# তনু হত্যা মামলায় দুই সাবেক সেনাসদস্যের বিরুদ্ধে ইন্টারপোলের রেড নোটিশ



ছবি: সংগৃহীত

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের শিক্ষার্থী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যা মামলার দুই গুরুত্বপূর্ণ অভিযুক্ত সাবেক সেনাসদস্য মো. জাহিদুজ্জামান ও মো. শাহীন আলমকে ধরতে পৃথক রেড নোটিশ জারি করেছে আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোল।

পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে, মঙ্গলবার (১ সেপ্টেম্বর) ইন্টারপোল তাদের বিরুদ্ধে এই রেড নোটিশ জারি করেছে।

তদন্তসংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী, তনু হত্যা মামলায় পাওয়া তথ্য ও সাক্ষ্যপ্রমাণ পর্যালোচনা করে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) মো. জাহিদুজ্জামান ও মো. শাহীন আলমকে মামলার গুরুত্বপূর্ণ অভিযুক্ত হিসেবে চিহ্নিত করেছে।

তদন্তকারী সংস্থার সূত্র জানা যায়, মামলার তদন্তের স্বার্থে তাদের ডিএনএ নমুনা সংগ্রহের উদ্যোগ নেওয়া হয়েছিল। তবে এ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার আগেই তারা দেশ ছেড়ে চলে যান।

LENS ASIA

এর আগে গত জুনে কুমিল্লার একটি আদালত ওই দুই ব্যক্তির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। পাশাপাশি তাদের অবস্থান শনাক্ত ও গ্রেপ্তারের জন্য ইন্টারপোলের সহায়তা নিতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয় তদন্ত কর্মকর্তাকে।

আদালতের নির্দেশ পাওয়ার পর পিবিআই বাংলাদেশ পুলিশের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো, এনসিবি-ঢাকার মাধ্যমে ইন্টারপোলের কাছে তাদের বিরুদ্ধে রেড নোটিশ জারির আবেদন করে। সেই আবেদনের পরিপ্রেক্ষিতেই আন্তর্জাতিক পুলিশ সংস্থাটি পৃথক রেড নোটিশ জারি করেছে।